প্রধানমন্ত্রী মির্জা আব্বাসকে দেখতে হাসপাতালে যাচ্ছেন



ছবি: সংগৃহীত

অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন সংসদ সদস্য ও রাজনৈতিক উপদেষ্টা মির্জা আব্বাসকে দেখতে শুক্রবার (১৩ মার্চ) জুমার নামাজের পরে এভারকেয়ার হাসপাতালে যাবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এর আগে প্রধানমন্ত্রী তার শারীরিক অবস্থা সম্পর্কে নিয়মিত খোঁজ-খবর নিচ্ছেন।

সমাজকল্যাণ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী অধ্যাপক এজেডএম জাহিদ হোসেন জানান, মির্জা আব্বাসকে নিউরো আইসিইউতে চিকিৎসকের নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে। প্রধানমন্ত্রী সার্বক্ষণিকভাবে তার অবস্থার আপডেট পাচ্ছেন। তিনি সবাইকে মির্জা আব্বাসের সুস্থতার জন্য দোয়া করার আহ্বান জানিয়েছেন।

মেডিকেল বোর্ডে দেশের শীর্ষ নিউরো বিশেষজ্ঞরা রয়েছেন। বুধবার (১১ মার্চ) অসুস্থ হয়ে জ্ঞান হারানোর পর মির্জা আব্বাসকে এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। পরের দিন রাতেও স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, সমাজকল্যাণ মন্ত্রী এজেডএম জাহিদ হোসেন ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য আবদুল মঈন খান তাকে দেখতে যান এবং চিকিৎসকদের সঙ্গে তার শারীরিক অবস্থার খোঁজখবর নেন।

জাহিদ হোসেন জানিয়েছেন, মেডিকেল বোর্ডে অধ্যাপক আলী উজ্জামান, অধ্যাপক শেখ আবদুল কাদের, অধ্যাপক জিল্লুর রহমান, অধ্যাপক দ্বীন মোহাম্মদ, অধ্যাপক সাঈদ আহমেদ ও অধ্যাপক জাফর ইকবাল প্রমুখ বিশেষজ্ঞ চিকিৎসক রয়েছেন। বৈঠকের সময় তিনি অনলাইনের মাধ্যমে বোর্ডের সঙ্গে যুক্ত ছিলেন।